

তারবার্তা  
বাংলাব্যাংক

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ  
বাংলাদেশ ব্যাংক  
প্রধান কার্যালয়  
XKv

বিআরপিডি সার্কুলার লেটার নং-০৪

০৯ ফেব্রুয়ারী, ২০০৩  
তারিখঃ -----  
২৭ মাঘ, ১৪০৯

প্রধান নির্বাহী  
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক

প্রিয় মহোদয়,

তফসিলি ব্যাংকের সঞ্চয়ী পেনশন স্কীম এর অর্জিত সুদের ১০% হারে উৎসে আয়কর কর্তন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে জাতীয় রাজস্ব বোর্ডের ০২-০২-২০০৩ তারিখের পত্র নং জারাবো/কর-৭/আ:আ:বি:/০১/২০০৩/২৫ ও তৎসংলগ্ন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অর্থ মন্ত্রণালয়, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ(আয়কর) এর এস আর ও নং-৫৪-আইন/৯৫ ও ২১-আইন-আয়কর/২০০২ তারিখ যথাক্রমে ০৪-০৪-১৯৯৫ ও ২৬-০১-২০০৩ এর অনুলিপি প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদসঙ্গে সংযুক্ত করা হলো।

জাতীয় রাজস্ব বোর্ডের নির্দেশ মোতাবেক ব্যাংকসমূহকে সঞ্চয়ী পেনশন স্কীমে অর্জিত সুদ প্রদানের ক্ষেত্রে আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর 53F ধারা অনুসারে এখন থেকে প্রদেয় সুদের ১০% হারে উৎসে আয়কর কর্তন করার জন্য পরামর্শ দেয়া হলো।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন।

সংযুক্তিঃ-০৩(তিন)।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ জাহাঙ্গীর আলম)  
উপ-মহাব্যবস্থাপক  
ফোনঃ ৭১২৫৮৪৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অর্থ মন্ত্রণালয়  
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ  
(আয়কর)

প্রজ্ঞাপন  
তারিখ, ২১শে চৈত্র, ১৪০২ বাং/৪ঠা এপ্রিল, ১৯৯৫ইং

এস, আর, ও নং ৫৪-আইন/৯৫- Income Tax Ordinance, 1984 (XXXVI of 1984) এর section 44 (4) (b) তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার তফসিলি ব্যাংকসমূহ কর্তৃক চালুকৃত ও সরকার কর্তৃক অনুমোদিত সঞ্চয়ী পেনশন স্কিমের উপর ব্যাংক কর্তৃক প্রদত্ত সুদকে আয়কর হইতে অব্যাহতি প্রদান করিলেন ।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

(ডঃ আকবর আলী খান)  
সচিব ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অর্থ মন্ত্রণালয়  
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ  
(আয়কর)

প্রজ্ঞাপন  
ধাকা, তারিখ ১৩/১০/১৪০৯ বাং/২৬/০১/২০০৩ইং

এস, আর, ও নং ২১-আইন-আয়কর/২০০২- Income Tax Ordinance, 1984 (XXXVI of 1984) এর section 44 এর sub-section (4) এর clause (b) তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার, অভ্যন্তরীণ সম্পদ বিভাগের ২১শে চৈত্র, ১৮০২ বাং মোতাবেক ৪ঠা এপ্রিল, ১৯৯৫ইং তারিখের প্রজ্ঞাপন এস,আর,ও, নং ৫৪-আইন/৯৫ এতদ্বারা বাতিল করিল।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

(মোঃ দেলোয়ার হোসেন)  
অতিরিক্ত সচিব(পদাধিকারবলে)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জাতীয় রাজস্ব বোর্ড  
রাজস্ব ভবন  
সেগুন বাগিচা, ধাকা।

অতি জরুরী  
বিশেষ বাহক মারফত

নথি নং-জারাবো/কর-৭/আঃআঃবিঃ/০১/২০০৩/২৫  
০২/০২/২০০৩ইং।

তারিখঃ

প্রেরক : তাহমিদ হাসনাত খান  
দ্বিতীয় সচিব (আয়কর আইন ও বিধি)  
জাতীয় রাজস্ব বোর্ড, ধাকা।

প্রাপক : গভর্নর  
বাংলাদেশ ব্যাংক  
বাংলাদেশ ব্যাংক ভবন  
মতিঝিল, ধাকা-১০০০।

**বিষয়ঃ তফশীলি ব্যাংকের সঞ্চয়ী পেনশন স্কীম-এর সুদের বেলায় কর অব্যাহতি প্রত্যাহার প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের প্রতি আপনার সদয় দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। এ বিষয়ে আদিষ্ট হয়ে জানানো যাচ্ছে যে, এস,আর, নং ৫৪-আইন/৯৫ তারিখঃ ০৪/০৪/৯৫ দ্বারা তফশীলি ব্যাংকের সঞ্চয়ী পেনশন স্কীম থেকে প্রাপ্ত সুদ আয়কর অব্যাহতিযোগ্য ছিল (কপি সংযুক্ত)। এস,আর, নং ২১-আইন-আয়কর/২০০২ তারিখঃ ২৬/০১/২০০৩ দ্বারা এ অব্যাহতি প্রত্যাহার করা হয়েছে (কপি সংযুক্ত)। অর্থাৎ এখন থেকে তফশীলি ব্যাংকের সঞ্চয়ী পেনশন স্কীম থেকে প্রাপ্ত সুদ আয়করযোগ্য হবে। ব্যাংকসমূহকে এরূপ সুদ প্রদানের বেলায় আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ৫৩F ধারা অনুসারে এখন থেকে প্রদেয় সুদের ১০% হারে উৎসে আয়কর কর্তন করতে হবে। সকল তফশীলি ব্যাংককে পরিবর্তিত এ বিধান যথাযথভাবে পরিপালনের প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য অনুরোধ করা গেল।

সংযুক্তিঃ বর্ণনামোতাবেক।

স্বাক্ষরিত/২/২/২০০৩  
(তাহমিদ হাসনাত খান)  
দ্বিতীয় সচিব  
(আয়কর আইন ও বিধি)  
ফোনঃ ৯৩৫৭২৩০